


যুগান্তর

জাতীয় বিশ্ববিদ্যালয়কে বলছি

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 আল আমিন



অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফলাফল

গত ৬ সেপ্টেম্বর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ৪র্থ বর্ষের ফল প্রকাশিত হয়েছে।

যেসব শিক্ষার্থীর ফলাফল আশানুরূপ হয়নি অথবা এক বা দুই বিষয়ে ফেল করেছে, তাদের অনেকেই খাতা পুনঃনিরীক্ষণের আবেদন করেছে।

কিন্তু দুঃখের বিষয়- খাতা পুনঃনিরীক্ষণের রেজাল্ট হতে প্রায় চার মাস লেগে যায়।

এই সময়ের মধ্যে মানোন্নয়ন পরীক্ষার ফরমফিলাপ শুরু এবং সেইসঙ্গে মাস্টার্সের ভর্তি শুরু হয়ে যায়। এর ফলে শিক্ষার্থীদের মধ্যে চরম হতাশা বিরাজ করে।

তাছাড়া অধিকাংশ খাতা যথাযথ মূল্যায়িত না করে নামেমাত্র পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ করা হয়।

ফল প্রকাশের পর দেখা যায়- শতকরা ২-৩ জনের ফেল করা বিষয় থেকে পাস নম্বর এসেছে। পুনঃনিরীক্ষণের খাতা যথাযথভাবে মূল্যায়ন করে দ্রুত ফল প্রকাশ করা উচিত।

alamin.bscons@gmail.com

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।